

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ১৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ ফাল্গুন, ১৪৩২/১২ মার্চ, ২০২৬

নং ০৩.৪৫.২৬৯০.০৭০.০৬.০০৮.২০২৬-৩৪—দেশব্যাপী প্রাথমিক স্বাস্থ্যসেবা আরও কার্যকর, সমন্বিত ও গণমুখী করার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর আওতাধীন মাঠপর্যায়ের স্বাস্থ্যকর্মীদের কার্যক্রম সমন্বয় ও একীভূত কাঠামো প্রণয়নের প্রয়োজনীয়তা বিবেচনায় এবং ভবিষ্যতে এক লক্ষ স্বাস্থ্যকর্মী নিয়োগ, প্রশিক্ষণ ও মাঠপর্যায়ে সমন্বিত তদারকি কাঠামো প্রণয়নের উদ্দেশ্যে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ	:	সভাপতি
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	:	সদস্য
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	:	সদস্য
০৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	:	সদস্য-সচিব
০৫. সচিব, অর্থ বিভাগ	:	সদস্য
০৬. সচিব, স্থানীয় সরকার বিভাগ	:	সদস্য
০৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর	:	সদস্য
০৮. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	:	সদস্য

কমিটির কার্যপরিধি:

(ক) স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর আওতাধীন মাঠপর্যায়ের প্রশাসনিক ও জনবল কাঠামো, দায়িত্ব ও কার্যক্রম পর্যালোচনা করা;

(১৪০৫৯)

মূল্য : টাকা ৪.০০

- (খ) হেলথ অ্যাসিস্ট্যান্ট (HA), ফ্যামিলি ওয়েলফেয়ার অ্যাসিস্ট্যান্ট (FWA), কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (CHCP) সহ মাঠপর্যায়ের স্বাস্থ্যকর্মীদের জন্য একটি একীভূত মানবসম্পদ কাঠামো প্রস্তাব করা ;
- (গ) প্রস্তাবিত ০১ (এক) লক্ষ স্বাস্থ্যকর্মী নিয়োগের জন্য ধাপে ধাপে বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা;
- (ঘ) বিদ্যমান ও নবনিয়োগপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীদের জন্য সমন্বিত প্রশিক্ষণ কাঠামো ও প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করা ;
- (ঙ) পরীক্ষামূলক বাস্তবায়নের জন্য পাইলট জেলা নির্বাচন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা ;
- (চ) কমিটি ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে ;
- (ছ) প্রয়োজনবোধে কমিটি যেকোনো বিশেষজ্ঞ বা প্রতিনিধিকে কো-অপ্ট করতে পারবে ।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সাখাওয়াত হোসেন
পরিচালক-৩ (প্রতিকল্প) ।